# বার্ষিক প্রতিবেদন

# ২০২৩-২০২৪

**বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)**

**কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com**

প্রকাশক

মহাপরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com

প্রকাশকাল

অক্টোবর, ২০২৪ খ্রি.

মুদ্রণ

ডিজিটাল প্রিন্টিং প্রেস

পরাতন পল্টন, ঢাকা-১২০১।

গ্রন্থস্বত্ব

প্রকাশক কর্তৃক সংরক্ষিত

## সম্পাদনা ও প্রকাশনা পরিষদ

### প্রধান উপদেষ্টা

মোহাঃ বোরহানুল হক
মহাপরিচালক
অতিরিক্ত সচিব

### সম্পাদনা ও প্রকাশনা পর্ষদ

### আহ্বায়ক

মোঃ মাহমুদুন্নবী
পরিচালক (কৃষি)

### সদস্যবৃন্দ

মোহাম্মদ তোজাম্মেল হক, উপ-পরিচালক (কৃষি)
মোঃ আব্দুল গণি মিনা, উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
মোঃ নাহিদ হাসান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)
আশীষ কুমার মিস্ত্রী, ফার্ম সুপারভাইজার

### সদস্য-সচিব

মাহামুদুল হাসান

লাইব্রেরিয়ান

কর্মসহযোগী

সুলতানা আক্তার, কম্পিউটার অপারেটর
মাহামুদুল হাসান, গবেষণা সহকারী
বিষ্ণু পদ দাস, ফটোগ্রাফার কাম অডিও ভিজুয়্যাল অপারেটর

# সূচিপত্র


| ক্রম | | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | | প্রথম অধ্যায় : বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) -এর পরিচিতি | |
| | ১.১ | অবতরণিকা | |
| | ১.২ | রূপকল্প (Vision), অভিলক্ষ্য ( Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | |
| | ১.৩ | বাপার্ড এর পরিচালনা পর্ষদ | |
| | ১.৪ | সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল | |
| ২ | | দ্বিতীয় অধ্যায় : বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) -এর বিভাগসমূহের পরিচিতি | |
| | ২.১ | মহাপরিচালকের দপ্তর | |
| | ২.২ | প্রশাসন ও অর্থ বিভাগ | |
| | ২.৩ | প্রশিক্ষণ, আইটি ও গবেষণা বিভাগ | |
| | ২.৪ | কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগ | |
| তৃতীয় অধ্যায় : ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নকৃত প্রশিক্ষণ কার্যক্রম | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩ | ৩.১ | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.২ | নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনামূলক ধারণা প্রদান বিষয়ক প্রশিক্ষণ | |
| | ৩.৩ | উদ্‌বুদ্ধকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.৪ | স্থানীয় প্রশিক্ষণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.৫ | জনপ্রতিনিধি ও এনজিও কর্মী | |
| | ৩.৬ | এক্সপোজার ভিজিটের মাধ্যমে নলেজ শেয়ারিং | |
| | ৩.৭ | **IDSDP** সিস্টেম পাইলটিং **(**পার্ট-১**)** বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ | |
| | ৩.৮ | জিআরএস বিষয়ক প্রশিক্ষণ বিষয়ক প্রশিক্ষণ | |
| | ৩.৯ | তথ্য অধিকার আইন,২০০৯ ও এর বিধিমালা**,** প্রবিধানমালা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | |
| | ৩.১০ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী উদ্যোগ**/** ধারণা বাস্তবায়ন বিষয়ক | |
| | ৩.১১ | শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান | |
| | ৩.১২ | সেবা প্রাদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ<br><br>চতুর্থ অধ্যায় : ২০২৩-২০২৪ অর্থবছরে একাডেমির বাস্তবায়িত প্রশাসনিক কার্যক্রম | |
| | | | |
| ৪ | ৪.১ | একাডেমির বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম | |
| | ৪.২ | হিসাব শাখা কর্তৃক সম্পাদিত বিভিন্ন কার্যক্রম | |
| | ৪.৩ | ইএফটি (PL Account) সংক্রান্ত কার্যক্রম | |
| | ৪.৪ | মাননীয় প্রধানমন্ত্রীর বাপার্ডে আগমন | |
| | ৪.৫ | অবকাঠামো রক্ষণাবেক্ষণ (সিভিল, মেকানিক্যাল ও ইলেট্রিক্যাল) | |
| | ৪.৬ | লার্নিং সেশন কার্যক্রম | |
| পঞ্চম অধ্যায় : ২০২৩-২০২৪ অর্থবছরে একাডেমির কৃষি বিষয়ক কার্যক্রম | | | |
| | ৫.১ | বাপার্ডে প্রদর্শণী প্লট হিসাবে ফুলকপি, টমেটো, ধনিয়া, বাদাম চাষ | |

| | | | |
|---|---|---|---|
| ৫ | ৫.২ | কৃষি যান্ত্রিকীকরণ পরামর্শ সেবা প্রদান | |
| | ৫.৩ | অনলাইনে কৃষকদের পরামর্শ সেবা প্রদান | |
| | ৫.৪ | প্রশিক্ষনার্থীদের মধ্যে বাপার্ড নার্সারিতে উৎপাদিত ফলদ/বনজ চারা বিতরণ | |
| | ৫.৫ | প্রশিক্ষনার্থীদের মাঝে প্রশিক্ষণোত্তর ধান/সবজি বীজ বিতরণ | |
| | ৫.৬ | বাপার্ডে প্রদর্শণী প্লট হিসাবে কলা, পেঁপে আম ও লিচু বাগান স্থাপন | |
| | ৫.৭ | বাপার্ডের আন্তঃরোড সমূহের পাশে সৌন্দর্যবর্ধণকারী চারা রোপণের মাধ্যমে **ক্যাম্পাসের** সৌন্দর্যবৃদ্ধিকরণ | |
| | ৫.৮ | শীতকালীন মৌসুমি ফুলের চারা রোপণ | |
| | ৫.৯ | রোপিতবিভিন্নধরণের (আম, লিচু, পেঁপে, কলা, খেজুর, মাল্টা, লেবু ইত্যাদি) চারার আগাছা পরিষ্কার, কীটনাশক ও সার প্রয়োগসহ অন্যান্য পরিচর্যা করা | |
| ষষ্ঠ অধ্যায়: একাডেমির প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম | | | |
| ৬ | ৬.১ | খামারীদের প্রাণিসম্পদ ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ সেবা প্রদান | |
| | ৬.২ | একাডেমির পোল্ট্রি শেডে দেশি প্রজাতির মুরগী পালন | |
| | ৬.৩ | একাডেমির প্রদর্শনী খামারে গরু মুরগী ও অন্যান্য প্রাণিসম্পদের চিকিৎসা প্রদান | |
| | ৬.৪ | প্রাণিসম্পদের মানোন্নয়নে গৃহীত বিবিধ কার্যক্রম | |
| | ৬.৫ | প্রশিক্ষণোত্তর খামারীদের মাঝে হাঁসের বাচ্চা বিতরণ | |
| | ৬.৬ | অনলাইনে খামারীদের প্রাণিসম্পদ বিষয়ক সেবা প্রদান | |
| | ৬.৭ | খামারীদের মাঝে কৃমিনাশক ঔষধ বিতরন | |
| সপ্তম অধ্যায়: একাডেমির মৎস্য বিষয়ক কার্যক্রম | | | |
| অষ্টম অধ্যায়: ২০২৩-২০২৪ অর্থবছরে একাডেমির সম্পাদিত সমীক্ষা বিষয়ক কার্যক্রম | | | |
| ৮ | ৮.১ | 'A Survey on Organic and Inorganic Pesticide Use in Agriculture at Kotalipara and Tungipara Upazila under the District of Gopalganj' | |
| | ৮.২ | 'Assessing the Impact of Training on Poverty Alleviation through Post-Training Surveys at Gopalganj District (2023-2024)' | |
| | ৮.৩ | 'A Survey on Impacts and Consequences from Malnutrition of Rural Women at Gopalganj District' | |

| | | | |
|---|---|---|---|
| | ৮.৪ | 'A Survey on Agent Banking in Rural Economy at Gopalganj District' | |
| নবম অধ্যায়: ২০২৩-২০২৪ অর্থবছরে একাডেমির সম্পাদিত গবেষণা ও প্রায়োগিক গবেষণা বিষয়ক কার্যক্রম | | | |
| ৯ | ৯.১ | Report on "Yield Performance of Banana by Using NPK Fertilizer with Different Doses." | |
| | ৯.২ | Report on "Varietal Effect of Binasarisha-4, Binasarisha-7 and Binasarisha-9 at BAPARD Agricultural Farm." | |
| | ৯.৩ | Report on "Study on the Prevalence of Bovine Fascioliasis at Selected Areas of Gopalganj District in Bangladesh." | |
| | ৯.৪ | Report on "Epidemiological investigation and Factors affecting the Gastrointestinal parasitism in Cattle at selected areas of Kotalipara upazila of Gopalganj District in Bangladesh." | |
| | ৯.৫ | Report on "Rural Development in Bangladesh with Prospects and Challenges to Achieving Sustainability: A Case study." | |
| | ৯.৬ | Report on "Study on the Impact of Mobile Phone (Smart Phone) on Secondary level Students at Kotilipara Upazila, Gopalganj." | |
| দশম অধ্যায়: ২০২৩-২০২৪ অর্থবছরে একাডেমির প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণা বিষয়ক কার্যক্রম | | | |
| ১০ | ১০.১ | An Analysis of the pattern of Farmer's income in Gopangonj District | |
| | ১০.২ | Effect of Organic and Inorganic Fertilizers on Growth and Yield Performance of Sweet Corn *(Zea Mays)* at BAPARD Agricultural Farm. | |
| | ১০.৩ | Epidemiological investigation and Factors affecting the Gastrointestinal parasitism in Cattle at selected areas of Kotalipara upazila of Gopalganj district in Bangladesh. | |
| | ১০.৪ | Study of the Production Performance by releasing carp fingerlings at selected floodplain of Kotalipara upazila of Gopalganj district in Bangladesh | |
| | ১০.৫ | Study on the Stocking Density of Fry for Fingerling Production of Common Carp at BAPARD Nursery Pond. | |
| | ১০.৬ | Prevalence of Ecto and Endo Paracitic infections among BAPARD Cattle farm and Gopalganj district of Bangladesh | |
| একাদশ অধ্যায়ঃ বাপার্ড এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | | | |

| | | | |
|---|---|---|---|
| ১১ | ১১.১ | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন; | |
| | ১১.২ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন প্রতিবেদন ২০২৩-২০২৪; | |
| | ১১.৩ | একাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম ২০২৩-২০২৪; | |
| | ১১.৪ | ২০২৩-২০২৪ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন; | |
| | ১১.৫ | ২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন; | |
| | ১১.৬ | একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কার্যক্রম ২০২৩-২০২৪; | |
| | ১১.৭ | একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)। | |

# প্রথম অধ্যায়

# বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) –এর পরিচিতি

১.১ অবতরণিকা

১.২ রূপকল্প (Vision), অভিলক্ষ্য ( Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.৩ বাপার্ড এর পরিচালনা পর্ষদ

১.৪ সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল

## ১.১. অবতরণিকাঃ

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি দেশের দক্ষিন পশ্চিম অঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ন একাডেমি যা সংক্ষেপে বাপার্ড নামে পরিচিত। দারিদ্র্য বিমোচনের কৌশল ও প্রচেষ্টার সমন্বয় এবং হাতে কলমে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ায় **বঙ্গবন্ধু** দারিদ্র্য **বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স** হিসাবে ২০০১ সনে এই প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন কর্মসূচি কার্যকর রাখার উদ্দেশ্যকে সামনে রেখে ১৬ই নভেম্বর ২০১১ "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)" এর ভিত্তি প্রস্হর স্হাপন করা হয়। ২০১২ সালে ৮ই মার্চ "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি আইন ২০১২" (২০১২ সালের ১৪ নং আইন) প্রণীত হয় এবং মহামান্য রাস্ট্রপতির সম্মতি লাভের মাধ্যমে কার্যকর হয়। পরবর্তীতে ২০২২ সালের ১৬ জুন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভার্চুয়ালি আনুষ্ঠানিক উদ্বোধনের মধ্য দিয়ে প্রতিষ্ঠানটিতে নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

দারিদ্র্যশূন্য দেশ গড়তে প্রবৃদ্ধিকে হতে হবে অন্তর্ভুক্তিমূলক ও দারিদ্র্য নিরসনমূলক। বঙ্গবন্ধুর স্বপ্নের সঙ্গে সংগতি রেখে দারিদ্র্য নিরসনের অভীষ্ট হলো : ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্য নির্মূল করা এবং ২০৪১ সালের মধ্যে দারিদ্র্যের হার ন্যূণতম পর্যায়ে ( ৩ শতাংশ বা এর নিচে) নিয়ে আসা। ২০৪১ সালের মধ্যে দেশের সব নাগরিকের ন্যূণতম জীবনমান নিশ্চিত করা হবে। বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসন্ধানী নাগরিকদের কাজ থেকে আয়ের ব্যবস্থা করা। বেকারত্ব হবে অতীতের কোন বাস্কেটভরা ঝুলি যেখানে অন্যান্য উচ্চ আয়ের অর্থনীতির মতো দারিদ্র্য হয়ে পড়বে একটি আপেক্ষিক ধারণা মাত্র। এ রকম পরিস্থিতিতে যারা দরিদ্র বিবেচিত হবে তাদের ও অন্তত খাদ্যচাহিদা মেটানোর পর জীবনধারণের ন্যূণতম সামগ্রী কেনার মতো পর্যাপ্ত আয় থাকবে। মাননীয়  প্রধানমন্ত্রীর দারিদ্র্য বিমোচন মডেল বিশ্বব্যাপী সমাদৃত। তারই মডেলকে সফলভাবে বাস্তবায়নের জন্য নিরলসভাবে কাজ করছে বাপার্ড।

একাডেমির অন্যতম প্রধান কাজ প্রশিক্ষণ আর প্রশিক্ষণ একজন সাধারণ জ্ঞানসম্পন্ন ব্যক্তিকে দক্ষ মানবসম্পদে রূপান্তরিত করে। মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ অনুঘটক।  প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি করে দেশের অর্থনৈতিক কর্মকান্ডে ও সামগ্রিক উন্নয়নে অবদান রাখা যায়। প্রশিক্ষণ যে কোন ক্ষেত্রে নির্দিষ্ট লক্ষ্য অর্জনকে সহায়তা করে। একটি ব্যাপক সামাজিক পরিমন্ডলে যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ প্রতিষ্ঠান গ্রাহক সমাজ ও তাদের পৃষ্ঠপোষকদের মধ্যে একটি নিবিড় সম্পর্কের সৃষ্টি হয়। একাডেমির প্রশিক্ষণ কর্মকান্ডের মূল উদ্দেশ্য হল সরকারের দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন কার্যক্রমকে সফল ভাবে পরিচালনার মাধ্যমে দেশের দারিদ্র দূরীকরণে এবং পল্লীজনগনের জীবন যাত্রার মান উন্নয়নে সহযোগীতাকরণ।

দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং পল্লীর দারিদ্র্যপীড়িত জনগোষ্ঠীকে উপার্জনমুখী কর্মকান্ডে আত্মনিয়োগের প্রয়াসে একাডেমি নানামুখী সামাজিক ও প্রায়োগিক গবেষণা পরিচালনা করছে। এ সমস্ত গবেষণালব্দ ফলাফলকে প্রশিক্ষণ ও সভা-সেমিনারের মাধ্যমে সাধারণ জনগণের নিকট পৌছে দেয়া হচ্ছে। যা মূলতঃ দারিদ্র্য বিমোচনের অনুঘটক হিসাবে কাজ করছে।

## ১.২. রূপকল্প (Vision), অভিলক্ষ্য ( Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলিঃ

১.২.১ রূপকল্প (Vision):

গ্রামীণ মানুষের জীবনমান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সহায়তা ।

১.২.২ অভিলক্ষ্য**(**Mission):

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণ এবং গবেষণার মাধ্যমে কৃষি, শিক্ষা ও ক্ষুদ্র শিল্প ক্ষেত্রে নতুন নতুন কৌশল, তত্ত্ব, জ্ঞান এবং লাগসই প্রযুক্তি উদ্ভাবন করে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। কর্মশালা, সেমিনার আয়োজন করে চিরাচরিত দৃষ্টিভঙ্গির পরিবর্তন, আধুনিক ধ্যান-ধারণা লাভে গ্রামীণ জনগোষ্ঠিকে সহায়তা করা এবং উপকূলীয় জোয়ার ভাটা ও জলবায়ুর প্রভাব বিবেচনায় রেখে টেকসই উন্নয়নের লক্ষ্যে উন্নত ও আধুনিক কৃষি প্রযুক্তির প্রসার ঘটানো।

১.২.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

ক) প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সৃষ্টি এবং স্ব-কর্মসংস্থানের ক্ষেত্র তৈরী;

খ) পল্লী দারিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়ন এবং পল্লী উন্নয়নে যুগোপযোগী ও টেকসই উন্নয়ন;

গ) প্রশিক্ষণোত্তর প্রশিক্ষণ উপকরণ বিতরণ;

ঘ) বাপার্ড-এর অবকাঠামো উন্নয়ন; এবং

ঙ) কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ সেবার মানোন্নয়ন/পরামর্শমূলক সেবা।

### ১.২.৪ বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর কার্যাবলীঃ

১) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে গবেষণার জন্য Centre of Excellence হিসাবে কাজ করা এবং দারিদ্র্য বিমোচনে সরকারের অন্যতম ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করা ;

২) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দেশের জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম পরিচালনা করা ;

৩) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিয়োজিত বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান, কর্মশালা, সেমিনার ইত্যাদি পরিচালনা করা;

৪) ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, বিত্তহীন পুরুষ ও মহিলা, বেকার যুবক ও যুব মহিলাদের দক্ষতা অর্জনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কৃষি ও অকৃষি খাতের বিভিন্ন উপার্জনমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ পরিচালনা করা ;

৫) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি, শিক্ষা, উপকূলীয় ও জোয়ারভাটা এলাকার আর্থ-সামাজিক বিষয়ে প্রায়োগিক গবেষণা পরিচালনা করা ;

৬) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে উচ্চতর শিক্ষায় নিয়োজিত দেশী ও বিদেশী শিক্ষার্থীদের গবেষণা কার্য পরিচালনা ও তত্ত্বাবধান করা বা গবেষণা কার্য সম্পাদনের ক্ষেত্রে সহায়তা প্রদান করা;

৭) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স পরিচালনা করা;

৮) দারিদ্র্য বিমোচনে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগী সংস্থার সাথে যৌথভাবে কাজ করা;

৯)   কৃষি কাজে নিয়োজিত শিশু শ্রম নিরসন বিষয়ক গবেষণা ও কৃষি শিশু শ্রমিকদের শিক্ষার মূলধারায় আনয়নের লক্ষ্যে গবেষণা করা;

১০)  গ্রামীণ দরিদ্র নারীদের সামাজিক নিরাপত্তা, নারীর সার্বিক ক্ষমতায়নের জন্য গবেষণা করা ;

১১)  পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন নীতিমালা প্রণয়নে সরকারি নীতি নির্ধারকগণকে সহায়তা প্রদান করা;

১২)  একাডেমির উদ্দেশ্যের সহিত সামাঞ্জস্যপূর্ণ অন্য কোন কাজ করা।

## ১.৩ বাপার্ড এর পরিচালনা বোর্ডঃ

### বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) আইন, ২০১২ অনুযায়ী পরিচালনা বোর্ড হবে নিম্নরূপঃ

K) ¯’vbxq miKvi, cjøx Dbœqb I mgevq gš¿Yvj‡qi `vwq‡Z¡ wb‡qvwRZ gš¿x/cÖwZgš¿x/Dc-gš¿x, whwb c`vwaKvi e‡j Bnvi †Pqvig¨vbI nB‡eb;

L) mwPe, cjøx Dbœqb I mgevq wefvM, whwb c`vwaKvi e‡j Bnvi fvBm-†Pqvig¨vbI nB‡eb;

M) mwPe, K…wl gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZv©;

N) mwPe, A_© wefvM, A_© gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZv©;

O) mwPe, RbcÖkvmb gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZ©v;

P) mwPe, gwnjv I wkï welqK gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZv©;

Q) mwPe, cwiKíbv wefvM ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZv©;

R) mwPe, mgvRKj¨vY gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZv©;

S) mwPe, hye I µxov gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZ©v;

T) mwPe, †jwRm‡jwUf I msm` welqK wefvM, AvBb, wePvi I msm` welqK gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZv©;

U) mwPe, grm¨ I cÖvwYm¤ú` gš¿Yvjq ev ZrKZ…©K g‡bvbxZ Ab~¨b hyM¥-mwPe c`gh©v`vi GKRb Kg©KZv©;

V) †i±i, evsjv‡`k †jvK cÖkvmb cÖwkÿb †K›`ª ev ZrKZ…©K g‡bvbxZ GKRb m`m¨ cwiPvjb cl©`;

W) DcvPvh©, e½eÜz weÁvb I cÖhyw³ wek^we`¨vjq, †MvcvjMÄ ev ZrKZ…©K g‡bvbxZ †h †Kvb Abyl‡`i Wxb ev Aa¨vcK;

X) wbeÜK, mgevq Awa`ßi;

Y) gnvcwiPvjK, evsjv‡`k cjøx Dbœqb †evW©;

Z) wbe©vnx †Pqvig¨vb, evsjv‡`k K…wl M‡elYv KvDwÝj;

_) gnvcwiPvjK, evsjv‡`k BbwówUDU Ae †W‡fjc‡g›U ÷vwWR;

`) gnvcwiPvjK, grm¨ Awa`ßi:

a) cjøx Dbœqb I `vwi`ª¨ we‡gvPb Kv‡R Ae`vb iwnqv‡Q miKvi KZ…©K g‡bvbxZ Ggb `yBRb e¨w³; Ges

b) gnvcwiPvjK, whwb c`vwaKvi e‡j Bnvi m`m¨-mwPeI nB‡eb|

## ১.৪ সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল:

বাপার্ডের জন্য ০১ জন মহাপরিচালক ও ০৩ জন পরিচালকসহ রাজস্ব বাজেটে মোট ১০০ পদ সৃজন করা হয়েছে। বর্তমানে সর্বমোট ৮২ জন কর্মকর্তা ও কর্মচারী কর্মরত। এছাড়া বাপার্ডের জন্য রাজস্ব বাজেটে আরো ৫৩টি পদ সৃজনে জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে উক্ত কমিটিতে পাঠানো হয়েছে।

# দ্বিতীয় অধ্যায়

## বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) -এর বিভাগসমূহের পরিচিতি

২.১ মহাপরিচালকের দপ্তর

২.২ প্রশাসন ও অর্থ বিভাগ

২.৩ প্রশিক্ষণ, আইটি ও গবেষণা বিভাগ

২.৪ কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগ

২.১ মহাপরিচালকের দপ্তরঃ

বাপার্ড দশতলা একাডেমিক ভবনের চতুর্থ তলায় মহাপরিচালকের দপ্তর অবস্থিত। এ দপ্তরে মহাপরিচালকের একান্ত সচিব, ব্যক্তিগত সহকারী, কম্পিউটার অপারেটর ও অফিস সহায়ক মহাপরিচালকের সকল কাজে সহযোগীতা করে থাকেন। একাডেমির তিনটি বিভাগের পরিচালক এবং প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সরাসরি মহাপরিচালকের সাথে কাজ করে থাকেন।

২.২ প্রশাসন ও অর্থ বিভাগঃ

বাপার্ড এর প্রশাসন ও অর্থ বিভাগের প্রধান কাজ হলো মানব সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনা , পদ সৃজন ,নিয়োগ, বদলী, পদোন্নতি, চাকুরী স্থায়ীকরণ, বাজেট প্রণয়ন ও অনুমোদন, প্রশাসনিক মন্ত্রণালয়ে বিভিন্ন প্রতিবেদন প্রেরণ। এ বিভাগে একজন করে পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, মেডিকেল অফিসার, স্টেট কাম স্টোর অফিসার এবং দুইজন উপ-সহকারী প্রকৌশলী রয়েছেন। বিভাগের সার্বিক কাযক্রমে সহযোগীতার জন্য হিসাব রক্ষক, ব্যক্তিগত সহকারী (পিএ) এবং অন্যান্য কর্মচারী রয়েছে। এ বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ

- একাডেমির প্রশাসন, বাজেট প্রণয়ন ও আর্থিক বিষয়াদি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- অফিস ব্যবস্থাপনা, নিয়োগ, বদলি, পদসৃষ্টি ও সংরক্ষণ, পদোন্নতি, বিভাগীয় ব্যবস্থা গ্রহণ এবং দক্ষতা উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- চাকুরি প্রবিধানমালা অনুযায়ী ছুটি, পেনশন ও ভবিষ্যৎ তহবিল সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- একাডেমির সম্পদ সংগ্রহ, রক্ষণাবেক্ষণ ও যাবতীয় পূর্ত ও ইলেকট্রিক্যাল বিষয়ক কার্যক্রম সম্পাদন;
- একাডেমির ভূ-সম্পত্তি তত্ত্বাবধান, সংরক্ষণ ও খাজনা পরিশোষ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;
- স্টোরের স্টক রেজিষ্টার রক্ষণাবেক্ষণ ও চাহিদা অনুযায়ী মালামাল সরবরাহ;
- যাবতীয় সরঞ্জামাদি ক্রয়, মেরামত ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশনসহ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে সম্পাদিত কার্যক্রম তত্ত্বাবধান;
- একাডেমির যানবাহন, এসি, লিফট, পাম্প, সাব-স্টেশন, বৈদ্যুতিক সরঞ্জাম ইত্যাদির ইনভেন্টরি প্রণয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- একাডেমির বিদ্যুতায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- সমন্বয় সভা ও প্রশাসনিক বিষয় সংশ্লিষ্ট অন্যান্য সভা আহবান সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির আইন, চাকুরি প্রবিধানমালা ও পরিচালনা বোর্ড গঠন/সভা অনুষ্ঠান সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা কৌশল (GPMS), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), তথ্য অধিকার আইন (RTI Act), নাগরিক সেবায় উদ্ভাবন (Innovation), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter's) প্রণয়ন ও বাস্তবায়ন প্রভৃতি সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- যানবাহন সংগ্রহ, ব্যবহার ও নিয়ন্ত্রণ এবং প্রটোকল সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- জাতীয় সংসদের প্রশ্নোত্তর, যাবতীয় রিপোর্ট-রিটার্ন প্রেরণ ও মামলা পরিচালনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;

- একাডেমির চিকিৎসা সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির চিকিৎসা ব্যবস্থা সচল রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ঔষধ ও সরঞ্জামাদি সংগ্রহ ও সংরক্ষণ;
- একাডেমির মসজিদ ও স্কুল ব্যবস্থাপনা এবং অনুষ্ঠানাদি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- জাতীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত দিবসের তাৎপর্য বিবেচনায় অনুষ্ঠান আয়োজন;
- একাডেমির নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- টেলিফোন, ইন্টারনেট, ফ্যাক্স ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- কর্মকর্তা ও স্টাফদের চাকুরি বহি ও এসিআর সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির হিসাব সংক্রান্ত ক্যাশবুক, সাধারণ খতিয়ান (জেনারেল লেজার), উপ-খতিয়ান (সাবসিডিয়ারী লেজার) প্রণয়ন ও যাবতীয় বিল ভাউচার সংরক্ষণ;
- বার্ষিক বাজেট তৈরি এবং বাজেট সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;
- একাডেমির আবাসন ও গেষ্ট হাউস ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন; ইত্যাদি।

## ২.৩ প্রশিক্ষণ, আইটি ও গবেষণা বিভাগঃ

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি একাডেমির অন্যতম প্রধান কাজ। প্রশিক্ষণ একটি চলমান ব্যবস্থা বা প্রক্রিয়া যার দ্বারা জ্ঞান, দক্ষতা, অনুভূতি ও আচরণগত ইতিবাচক পরিবর্তন ঘটানো হয়। প্রশিক্ষণের মূল লক্ষ্য হচ্ছে

প্রশিক্ষণার্থীর জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গিতে ইতিবাচক পরিবর্তন ঘটানো, তার কাজ সর্বোত্তমভাবে সম্পাদনে তাকে প্রস্তুত করা ও তার নিকট থেকে সবচেয়ে বেশি ফল অর্জন করা। কার্যকর প্রশিক্ষণ ব্যতিরেকে পেশার উৎকর্ষতা ও উপার্জনমুখী দক্ষতা অর্জন করা সম্ভবপর নয়। প্রশিক্ষণ কাঙ্খিত সফলতার অন্যতম চাবিকাঠি। ব্যক্তি মানুষের ব্যবহার ও আচরণ সৃষ্টিতে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। এ সকল উদ্দেশ্যকে সামনে রেখে বেকার যুবক ও যুব মহিলা এবং তরুন উদ্যোক্তাদের আত্ম-কর্মসংস্থানমুখী কারিগরি ও বৃত্তিমূলক, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা কর্মচারিদের পল্লী উন্নয়ন ও দাপ্তরিক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ বিভাগের প্রধান কাজ হলো কোর্স ব্যবস্থাপনা, বাজেট ব্যবস্থাপনা, বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন, প্রশিক্ষণ রিপোর্ট প্রণয়ন ইত্যাদি। এ বিভাগে পরিচালক ০১ (এক) জন, যুগ্ন-পরিচালক ০১ (এক) জন , উপ-পরিচালক ০২ (দুই), সহকারী পরিচালক ০২ (দুই) জন, লাইব্রেরিয়ান ০১ (এক) জন, প্রশিক্ষক ০২ (দুই) জন এবং ট্রেনিং এনালিস্ট রয়েছেন ০১ (এক) জন। বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগীতার জন্য হোস্টেল সুপার, ক্যাফেটেরিয়া ম্যানেজার ব্যক্তিগত সহকারী (পিএ) এবং অন্যান্য কর্মচারী রয়েছে। এ বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ

- একাডেমির বার্ষিক প্রশিক্ষণ পঞ্জি তৈরি, বার্ষিক গবেষণা পরিকল্পনা প্রণয়ন/প্রকাশনা এবং এতদসংক্রান্ত অর্থের সংস্থান সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- বুনিয়াদি প্রশিক্ষণ, রিফ্রেসার্স কোর্স, আইটি বিষয়ক প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ইত্যাদি প্রশিক্ষণ পরিচালনা ও তত্ত্বধান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- একাডেমির জন্য প্রশিক্ষণ সংগ্রহের লক্ষ্যে দেশি/বিদেশি সংস্থার সাথে যোগাযোগ রক্ষাকরণ;
- একাডেমির প্রশিক্ষণ মডিউল/ম্যানুয়াল তৈরি সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;

- একাডেমির প্রশিক্ষণ সুবিধাদি যেমন ভেন্যু, হোস্টেল, ক্যাফেটেরিয়া ইত্যাদির ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- সময় সময় প্রশিক্ষণ চাহিদা নিরুপন (TNA) করা ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- প্রশিক্ষণ, পরিচালনার জন্য বাজেট প্রাক্কলন ও অর্থের সংস্থান সংক্রান্ত কার্যক্রম;
- প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণ এবং রিপোর্ট-রিটার্ন প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম;
- লাইব্রেরির জন্য বই সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- লাইব্রেরির বই, জার্নাল, ম্যাগাজিন সংগ্রহপূর্বক পাঠকদের পড়ার ব্যবস্থা গ্রহণ;
- প্রশিক্ষক, গবেষক ও প্রশিক্ষণার্থীদের প্রয়োজনীয়তার নিরীক্ষে দেশ-বিদেশের বিভিন্ন গবেষণালব্দ পেপার/বই সংগ্রহকরণ;
- একাডেমির আইটি বিষয়ক বার্ষিক গবেষণা পরিকল্পনা তৈরি ও প্রকাশনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- হোস্টেলের সার্বিক ব্যবস্থাপনাসহ স্টক রেজিষ্টারে আসবাবপত্র ও বিছানাপত্রসহ সংশ্লিষ্ট যাবতীয় মালামালের হিসাব সংরক্ষণ এবং হোস্টেল চার্জ বাবদ প্রাপ্ত অর্থ হিসাব শাখায় জমাকরণ;
- প্রশিক্ষণার্থী ও অতিথিবৃন্দের আগমন ও প্রস্থান সংক্রান্ত রেজিষ্টার সংরক্ষণ এবং আবাসন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- একাডেমির ওয়েব-সাইট নিয়মিতভাবে হালনাগাদকরণ;
- একাডেমির ইন্টারনেট, কম্পিউটার ও আইটি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন;

- প্রশিক্ষণার্থীদের জন্য শ্রেণিকক্ষে ইন্টারনেট , ল্যাপটপ ও এলইডি মনিটর সরবরাহ ও রক্ষণাবেক্ষণে সহযোগীতাকরণ;
- বার্ষিক পরিকল্পনা সম্মেলন (এপিসি) সংক্রান্ত কার্যক্রম আয়োজন ও প্রতিবেদন প্রকাশনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় প্রশাসন ও অর্থ বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করা, ইত্যাদি।

## ২.৪ কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগঃ

সভ্যতার আদিলগ্ন থেকেই মানুষের জীবিকা নির্বাহের অন্যতম সফলতম পেশা হলো কৃষি। আধুনিক প্রযুক্তি নির্ভর সমাজ ব্যবস্থায় কৃষিকাজে লেগেছে প্রযুক্তির ছোয়া, কৃষি ব্যবস্থাপনায় এসেছে আমূল পরিবর্তন। বাংলাদেশ মূলত কৃষি প্রধান দেশ। সনাতন পদ্ধতির চাষাবাদ ব্যবস্থাপনা বাদ দিয়ে আধুনিক পদ্ধতিতে চাষাবাদ ও প্রযুক্তির ব্যবহার কৃষিক্ষেত্রে এনেছে নতুন বিপ্লব। গ্রামীন অর্থনীতির উন্নয়ন ও বেকার সমস্যা দূরীকরণে সরকারের অন্যতম পরিকল্পিত কর্মসংস্থানের খাত হলো কৃষি। মৎস্য ও প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় ও লেগেছে আধুনিকতার ছোয়া। আধুনিক প্রযুক্তি ও কলাকৌশল ব্যবহার করে মৎস্য ও প্রাণিসম্পদের উৎপাদন বেড়েছে কয়েকগুন। দেশ থেকে দারিদ্র্য নির্মূল ও পল্লী উন্নয়নের অন্যতম প্রধান খাত হলো কৃষি,মৎস্য প্রাণিসম্পদের উন্নয়ন। এ উদ্দেশ্যকে সামনে রেখে বেকার যুবক, যুব মহিলাদের কৃষি,মৎস্য প্রাণিসম্পদ বিষয়ে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ, উক্ত খাতে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার, নতুন কোন জাতের রেপ্লিকেশন, গবেষণালব্দ ফলাফলকে চাষীদের নিকট পৌছে দেয়ার কাজ করছে কৃষি,মৎস্য প্রাণিসম্পদ বিভাগ। এ বিভাগে পরিচালক ০১ (এক) জন, যুগ্ন-পরিচালক ০১ (এক) জন , উপ-পরিচালক ০৩ (তিন) জন, সহকারী পরিচালক ০৩ (তিন) জন এবং ফার্ম সুপারভাইজার রয়েছেন ০৩ (তিন) জন। বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগীতার জন্য ফিল্ড এ্যাসিসট্যান্ট এবং অন্যান্য কর্মচারী রয়েছে।

এ বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ

- একাডেমির কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- প্রশিক্ষণ বিভাগের সাথে সমন্বয়পূর্বক কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কারিকুলাম, মডিউল, ম্যানুয়াল ইত্যাদি প্রণয়ন, প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও প্রশিক্ষণ বিভাগকে রিপোর্ট প্রদান;
- কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক গবেষণা ও প্রায়োগিক গবেষণা পরিকল্পনা প্রণয়ন ও গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান;
- কৃষি বিষয়ক প্রদর্শনী/গবেষণা খামারের উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;
- একাডেমির অভ্যন্তরীণ সংযোগ সড়ক সমূহের পাশে সৌন্দর্যবর্ধনে দৃষ্টিনন্দন ফুল ও গাছের চারা রোপন ও রক্ষণাবেক্ষণ;
- মৎস্য বিষয়ক প্রদর্শণী/গবেষণা খামারের উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
- প্রাণিসম্পদ বিষয়ক প্রদর্শণী/গবেষণা খামারের উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
- খামারের জন্য প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ ও সরবরাহ এবং আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;
- প্রদর্শনী ও গবেষণা খামারের উৎপাদিত পণ্যাদি আহরণ ও সংরক্ষণসহ বাজারজাতকরণ সংক্রান্ত কার্যক্রম;
- একাডেমির প্রশাসন কার্যক্রম পরিচালনায় প্রশাসন ও অর্থ বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করা;

# তৃতীয় অধ্যায়

## ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নকৃত প্রশিক্ষণ কার্যক্রম

৩.১ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান

৩.২ নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনামূলক ধারণা প্রদান বিষয়ক প্রশিক্ষণ

৩.৩ উদ্‌বুদ্ধকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান

৩.৪ স্থানীয় প্রশিক্ষণ বিষয়ক প্রশিক্ষণ  প্রদান

৩.৫ জনপ্রতিনিধি ও এনজিও কর্মী

৩.৬ এক্সপোজার ভিজিটের মাধ্যমে নলেজ শেয়ারিং

৩.৭ IDSDP সিস্টেম পাইলটিং (পার্ট-১) বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ

৩.৮ সেমিনার ও কর্মশালা সংক্রান্ত কার্যক্রম

# একাদশ অধ্যায়

## বাপার্ড এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

১১.১  ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন;

১১.২ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন প্রতিবেদন ২০২৩-২০২৪;

১১.৩  একাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম ২০২৩-২০২৪;

১১.৪ ২০২৩-২০২৪ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

১১.৫ ২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

১১.৬ একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কার্যক্রম ২০২৩-২০২৪;

১১.৭ একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)।

১১.১  ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন;

১১.১.১ বাপার্ড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র; সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- **সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য ‘বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)’ প্রতিষ্ঠিত। নতুন নতুন কৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে টেকসই উন্নয়নে ভূমিকা পালন এর দায়িত্ব। সমাপ্ত ৩০.০৬.২০২১ খ্রি:

তারিখে বাপার্ড -এর প্রকল্পের আওতায় ৩০.২৫ একর জমি অধিগ্রহণ করাসহ ১০তলা প্রশাসনিক ও হোস্টেল ভবন, ০৬ তলা একটি অফিসার্স কোয়ার্টার্স ও স্টাফ কোয়ার্টার্সের নির্মাণ কাজ, ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ, বিদ্যমান ভবনসমূহের সংস্কার ও আধুনিকায়ন **করা হয়েছে** এবং বাপার্ড ক্যাম্পাসের অভ্যন্তরীণ রাস্তাসহ মাস্টার প্লান বাস্তবায়ন করা হয়েছে। উন্নত কৃষি প্রযুক্তি হস্তান্তর, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, কম্পিউটার, সেলাই, মোবাইল সার্ভিসিং, ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং ইত্যাদি বিষয়ে বিগত ০৩ বছরে মোট ১০,৬৯৮ জন সুফলভোগি ও সরকারি /বেসরকারী সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের আয়বর্ধনমূলক কর্মকান্ড, উদ্‌বুদ্ধকরণ ,দক্ষতা উন্নয়ন ও স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১৪টি প্রায়োগিক গবেষণা সমাপ্ত করা হয়েছে।

- **সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০১১ সালে বাপার্ড-এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। ২০১৫ সালে প্রণীত প্রবিধানমালা অনুযায়ী এর কার্যক্রম শুরু হয় এবং ২০১৯ সালে ৮ জন কর্মকর্তাসহ ৪৯ জন কর্মচারী**র** নিয়োগ সম্পন্ন হয়েছে। কিন্তু নব নিয়োগপ্রাপ্ত অনুষদবৃন্দের সক্ষমতা বৃদ্ধি**র** সুযোগের সীমাবদ্ধতা রয়েছে। বাপার্ড**-এর** জন্য নি**র্মাণকৃত ভৌত অবকাঠামো** সুবিধাদির **সর্বোত্তম** ব্যবহারের লক্ষ্যে **উন্নতমানের প্রশিক্ষণ ও গবেষণা বাস্তবায়নের জন্য** জনবলের **অপ্র**তুলতা রয়েছে।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

একাডেমির সার্বিক উন্নয়নের লক্ষ্যে বাপার্ড শক্তিশালীকরণ নামে একটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। এ প্রকল্পের আওতায় বাপার্ড ক্যাম্পাসে মহাপরিচালক ও পরিচালকবৃন্দের বাংলো, ২য় শ্রেণির কর্মকর্তাদের কোয়ার্টার্স নির্মাণ এবং বিভিন্ন ট্রেডে/বিষয়ে আয়বর্ধনমূলক, মৌলিক প্রায়োগিক/ফলিত ও

দক্ষতা উন্নয়ন বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও গবেষণা বৃদ্ধি করা হবে। আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে পাশ্ববর্তী এলাকায় কৃষি খামারীদের ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করা। অসহায় ও দুস্থ্ নারীদের জীবনমান উন্নয়নে বিভিন্ন ধরণের প্রশিক্ষণোত্তর সহায়তা করা হবে। প্রশিক্ষণের মাধ্যমে নারীদের স্ব-কর্মসংস্থানে আগ্রহী হিসাবে গড়ে তোলা এবং নারী উদ্যোক্ত তৈরি করণে সহায়তা। ফলে বাপার্ড দারিদ্র্য বিমোচনে উৎকর্ষ কেন্দ্রে পরিণত হবে।

বার্ষিক কর্মসম্পাদন (চুক্তি) ২০২৩-২৪ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের নির্ধারিত মান হলো ৭০। প্রশাসনিক মন্ত্রণালয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মূল্যায়নে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি তথা বাপার্ড অর্জন করে।

## ১১.২ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন প্রতিবেদন ২০২৩-২০২৪;

- প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত একাডেমি বদ্ধপরিকর। সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করে। শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করাই হলো উক্ত কৌশলপত্রের মূলকথা। শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে স্বচ্ছ ও জবাবদিহিতামূলক প্রাতিষ্ঠানিক কার্যক্রম পরিচালনার প্রয়াসে ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত নৈতিকতা কমিটি কাজ করেছে:

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল ও ইমেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল গণি মিনা<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | ০১৭২১২৬২৫১২<br>magani577@gmail.com | আহবায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | শেখ নাইমুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | ০১৯১৭৬৩০৭১৬<br>naimur2519@gmail.com | সদস্য |
| ৩ | মাহামুদুল হাসান | ০১৮৪৩৩৩৮০৫৮ | বিকল্প ফোকাল পয়েন্ট |

| | | | |
|---|---|---|---|
| | লাইব্রেরিয়ান | mahamudul082@gmail.com | কর্মকর্তা |
| ৪ | মোঃ নাহিদ হাসান<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ০১৭২২৩৫৬৬৫<br>mailme14fe@ gmail.com | সদস্য |
| ৫ | মোঃ আজিম উদ্দিন<br>(কারিগরি প্রশিক্ষক, কম্পিউটার) | ০১৮১৬২০৮৬৮১<br>mdazimuddin.ttc@gmail.com | ওয়েব এ্যাডমিন |

- প্রাতিষ্ঠানিক দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে ০৪ (চার) টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রগণে  ০৪ (চার) টি স্টেকহোল্ডার সভা সভা আয়োজন করা হয়েছে।
- একাডেমির কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক সক্ষমতা উন্নয়নে বছরব্যাপী দাপ্তরিক সক্ষমতা বৃদ্ধিতে শুদ্ধাচার প্রতিষ্ঠা বিষয়ক ০৪ (চার) টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
- একাডেমির কর্মপরিবেশ উন্নয়নের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত দুইটি কর্মসূচি নেওয়া হয়েছে:

১. ক্যাম্পাসের (একাডেমিক, আবাসিক এবং হোস্টেল ভবন) সৌন্দর্যবর্ধনে পরিস্কার-পরিচ্ছন্নতা অধিকতর জোরদারকরণ;

২. একাডেমির আসবাবপত্র/ মালামালের শ্রেণিবিন্যাস এবং নম্বরের মাধ্যমে চিহ্নিতকরণ।

- আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নকল্পে ২০২৩-২০২৪ অর্থবছরে ৩২.৬৫ লক্ষ টাকার অনুমোদিত রাজস্ব বাজেটের বার্ষিক ক্রয়পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড দেওয়া হয়েছে এবং বছরব্যাপী উক্ত ক্রয় কার্যক্রম PPR অনুযায়ী ডিপিএম, আরএফকিউ ও অন্যান্য পদ্ধতি অনুসরন করে বাস্তবায়ন করা হয়েছে।

- আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নকল্পে ২০২৩-২০২৪ অর্থবছরে প্রায় সাত কোটি টাকার অনুমোদিত রাজস্ব বাজেট বছরব্যাপী আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বাস্তবায়ন করা হয়েছে।
- ২০২৩-২০২৪ অর্থবছরে দুর্নীতি বিরোধী সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় একাডেমি কর্তৃক নিম্নবর্ণিত সহায়ক কার্যক্রমগুলো বছরব্যাপী বাস্তবায়ন করা হয়েছে:

❖ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।

❖ প্রশিক্ষণার্থীদের মধ্যে প্রশিক্ষণোত্তর উপকরণ বিতরণে স্বচ্ছতা আনয়ন:-

ক) প্রশিক্ষণ বাজেট অনুমোদন;

খ) স্বচ্ছতার সাথে PPR অনুযায়ী ক্রয় কমিটির মাধ্যমে উপকরণ ক্রয়;

গ) প্রশিক্ষণোত্তর উপকরণ বিতরণ এবং বিতরণকৃত তালিকা ওয়েবসাইটে প্রকাশ।

❖ বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী মালামাল ক্রয় এবং বিতরণ :-

ক) PPR অনুযায়ী ক্রয় কমিটির মাধ্যমে প্রয়োজনীয় মালামাল ক্রয়;

খ) ক্রয়কৃত মালামাল স্টক রেজিস্ট্রারে এন্ট্রিকরণ;

গ) ব্যবহারকারী কর্তৃক মুদ্রিত ফর্ম অনুযায়ী চাহিদা পত্র দাখিল এবং অনুমোদন গ্রহণ;

ঘ) চাহিদা দাতা কর্তৃক স্টোর বহিতে স্বাক্ষর গ্রহণপূর্বক মালামাল বিতরণ।

❖ কর্মক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের নৈতিক মূল্যবোধ বৃদ্ধিতে উদ্‌বুদ্ধকরণ:-

ক) কর্মকর্তা-কর্মচারীদের নৈতিক মূল্যবোধ বৃদ্ধিতে করনীয় বিষয়ক সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;

খ) "সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতি বিরোধী কার্যক্রমে উদ্‌ধুদ্বকরণ বিষয়ক প্রশিক্ষণ" আয়োজন;

গ) দুর্নীতির কুফল এবং নৈতিক মূল্যবোধের সুফল সম্পর্কে অনুশাসন প্রচার ও প্রসার;

ঘ) জনসচেতনতা বৃদ্ধিতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষ্যে র‍্যালির আয়োজন এবং র‍্যালির চিত্র ধারণ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ নির্ধারিত মান হলো ৫০ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ওয়েটেড স্কোর হলো ১০। যার মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মূল্যায়নে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি তথা বাপার্ড অর্জন করে ৫০ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) -এর ওয়েটেড স্কোর পায় ১০।

## ১১.৩ একাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম ২০২৩-২০২৪;

## ১১.৩.১ ইনোভেশন টিম:

দাপ্তরিক কাজের গতিশীলতা, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি, নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণ পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর নিম্নবর্ণিত ইনোভেশন টিম কাজ করেছে:

| ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল ও ইমেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১ | মোঃ বোরহানুল হক<br>মহাপরিচালক | dg@bapard.gov.bd | ইনোভেশন অফিসার |
| ২ | মোহাম্মদ তোজাম্মেল হক<br>উপ-পরিচালক (কৃষি) | ০১৭১৬৪৮১৭১৮<br>m.t.haqbapard@gmail.com | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩ | মোঃ শামীম আহম্মেদ<br>সহকারী পরিচালক (কৃষি) | ০১৯৬৫১৫৫১৪২<br>shamimsau71@gmail.com | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪ | মোঃ রাফিউল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রাণিসম্পদ) | ০১৭২৩০১২১২৫<br>rafiul.bapard@gmail.com | সদস্য |
| ৫ | মাহামুদুল হাসান | ০১৮৪৩৩৩৮০৫৮ | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| | লাইব্রেরিয়ান | mahamudul082@gmail.com | |

## ১১.৩.২ ইনোভেশন টিমের কার্যক্রম:

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর ইনোভেশন টিম ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদন করে:

- আলোচ্য অর্থবছরে ইনোভেশন টিম কর্তৃক ০৪ টি ইনোভেশন সভা আয়োজন করা হয়;
- আলোচ্য অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা মনিটরিং ও মূল্যায়ন করা হয়;
- আলোচ্য অর্থবছরে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ০২ (দুই)টি উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ বাস্তবায়ন করা হয়। উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ দুইটি নিম্নরূপ:

  ১. একাডেমির গ্রাউন্ডফ্লোরে অফিস কক্ষের পরিচিতি নম্বর সম্বলিত দিক নির্দেশনা বোর্ড স্থাপন;

  ২. দুধ হতে স্বল্প খরচে মিষ্টি দই তৈরি করা।

  - ২০২৩-২০২৪ অর্থবছরে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার একটি ডাটাবেজ প্রস্তুত করা হয়;
  - আলোচ্য অর্থবছরে একাডেমির দাপ্তরিক ২৫% নোট ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করা হয়;
- অর্থবছরের শুরুতে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ আহবান করা হয় এবং ইনোভেশন টিম কর্তৃক বাছাইয়ান্তে ধারণা বা উদ্যোগগুলো চূড়ান্ত করা হয়;
- ই-নথির কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হয়;

- আলোচ্য অর্থবছরে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় একাডেমি কর্তৃক একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়, যা বছরব্যাপী বাস্তবায়ন করা হয়। উক্ত কর্মপরিকল্পনার উল্লেখযোগ্য বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

  ১. ৪র্থ শিল্পবিপ্লব সংক্রান্ত ০২টি লার্নিং সেশন আয়োজন ও বাস্তবায়ন করা হয়;

  ২. একাডেমির কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ৪র্থ শিল্পবিপ্লবের সাথে সম্পর্কিত উপাদানসমূহের বিষয়ভিত্তিক ০১টি প্রশিক্ষণ আয়োজন ও বাস্তবায়ন করা হয়;

  ৩. একাডেমির কর্মকর্তা-কর্মচারী ও স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে ৪র্থ শিল্পবিপ্লবের সাথে সম্পর্কিত প্রযুক্তিসমূহ পর্যালোচনা ও অবহিতকরণ সংক্রান্ত ০২টি কর্মশালা আয়োজন ও বাস্তবায়ন করা হয়;

  - আলোচ্য অর্থবছরে একাডেমির তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করা হয় এবং এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়;
  - একাডেমির কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির প্রয়াসে আলোচ্য অর্থবছরে মোট ০৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়;
  - প্রশিক্ষণার্থী কর্তৃক পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রশিক্ষণলব্ধ বিষয়াদির উপস্থাপনা নিশ্চিত করা হয়;
  - প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে ব্যবহারিক পন্থায় উদ্ভবনী আইডিয়া তৈরি ও বাস্তবায়ন সংক্রান্ত ধারণা প্রদান করা হয়;
  - নির্বাচিত উদ্ভাবনী আইডিয়া রেপ্লিকেট করার ক্ষেত্রে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়;
  - ইনোভেশন ও উদ্ভাবনী আইডিয়া সম্পর্কে জ্ঞানকে সমৃদ্ধ করার প্রয়াসে দেশের মধ্যে ০১টি আইডিয়া সরেজমিনে পরিদর্শন করা হয়।

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ নির্ধারিত মান হলো ৫০ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ওয়েটেড স্কোর হলো ১০। যার মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মূল্যায়নে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি তথা বাপার্ড অর্জন করে ৪৩.৭০ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) -এর ওয়েটেড স্কোর পায়।

## ১১.৪ ২০২৩-২০২৪ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

### ১১.৪.১ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক টিম:

স্বল্প সময়ে নাগরিকগণের চাহিদা অনুযায়ী তথ্য সেবা প্রদান এবং দাপ্তরিক কাজের গতিশীলতা আনয়নের নিমিত্তে  দ্রুত ও সহজতর পন্থায় চাহিত তথ্য প্রদানের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর নিম্নবর্ণিত  তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক টিম কাজ করেছে:

| ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল ও ইমেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১ | মোঃ মাহমুদুন্নবী<br>পরিচালক (কৃষি) | ০১৭১১০০৬৮৬৯<br>mnabi.bapard@gmail.com | দায়িত্ব প্রাপ্ত ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | মোঃ আব্দুল গণি মিনা<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | ০১৭২১২৬২৫১২<br>magani577@gmail.com | সদস্য |
| ৩ | মোঃ রাফিউল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রাণিসম্পদ) | ০১৭২৩০১২১২৫<br>rafiul.bapard@gmail.com | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪ | মোঃ আজিম উদ্দিন<br>(কারিগরি প্রশিক্ষক, কম্পিউটার) | ০১৮১৬২০৮৬৮১<br>mdazimuddin.ttc@gmail.com | সদস্য ও ওয়েব এ্যাডমিন |

| | | | |
|---|---|---|---|
| ৫ | সোনিয়া আক্তার<br>ট্রেনিং এনালিস্ট | ০১৮৩৯১১৩৪৩৫<br>sonia.bapard@gmail.com | সদস্য |

## ১১.৩.২ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক টিমের কার্যক্রম:

'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)' এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক টিম ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদন করে:

- আলোচ্য অর্থবছরে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক টিম কর্তৃক ০৪ টি তথ্য সেবা প্রদান বিষয়ক সভা আয়োজন করা হয়;
- আলোচ্য অর্থবছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা মনিটরিং ও মূল্যায়ন করা হয়;
- তথ্য অধিকার আইন অনুযায়ী আলোচ্য অর্থবছরে মোট ২০ টি তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা হয়;
- স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করা হয়;
- তথ্য অধিকার কর্মপরিকল্পনা বিষয়ে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়;
- ২০২৩-২০২৪ অর্থবছরে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা হয় অনুযায়ী আলোচ্য অর্থবছরে মোট ২০ টি তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা হয়;
- আলোচ্য অর্থবছরে তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে একাডেমির কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে মোট ০৪ টি প্রশিক্ষণের আয়োজন করা হয়;
- তথ্য অধিকার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম ওয়েবসাইটে নিয়মিতভাবে আপলোড করে ওয়েবসাইট হালনাগাদ করা হয়;

## ১১.৫ ২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

### ১১.৫.১ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিম:

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার নিমিত্তে মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জি, আর, এস) সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ এর অনুচ্ছেদ ৫.২ অনুযায়ী দাপ্তরিক কাজের গতিশীলতা, নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজতর পন্থায় প্রদানের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর নিম্নবর্ণিত তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক টিম কাজ করেছে:

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল ও ইমেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১ | মোঃ মাহমুদুন্নবী<br>পরিচালক (কৃষি) | ০১৭১১০০৬৮৬৯<br>mnabi.bapard@gmail.com | অনিক ও আহবায়ক |
| ২ | মোহাম্মদ তোজাম্মেল হক<br>উপ-পরিচালক (কৃষি) | ০১৭১৬৪৮১৭১৮<br>m.t.haqbapard@gmail.com | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩ | শাকিলা ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | ০১৯৯৭১৯১০৫৪<br>sislambapard@gmail.com | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪ | মোঃ আজিম উদ্দিন<br>(কারিগরি প্রশিক্ষক, কম্পিউটার) | ০১৮১৬২০৮৬৮১<br>mdazimuddin.ttc@gmail.com | সদস্য ও ওয়েব এ্যাডমিন |
| ৫ | মাসুদ মোল্যা<br>এস্টেট-কাম স্টোর অফিসার | ০১৭৪৯৭২৫৮২৪<br>masudmolla24gp@gmail.com | সদস্য |

## ১১.৫.২ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিমের কার্যক্রম:

'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)' এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিম ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদন করে:

- আলোচ্য অর্থবছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিম কর্তৃক ০৪ টি অভিযোগ ব্যবস্থাপনা সংক্রান্ত সভা আয়োজন করা হয়;
- আলোচ্য অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কর্মপরিকল্পনা মনিটরিং ও মূল্যায়ন করা হয়;
- ২০২৩-২০২৪ অর্থবছরে অনিক ও আপিল কর্মকর্তার তথ্য একাডেমির ওয়েবসাইট ও জিআরএস সফটওয়্যারে নিয়মিতভাবে কোয়ার্টারভিত্তিক হালনাগাদ করে আপলোড করা হয়;
- ২০২৩-২০২৪ অর্থবছরে নির্দিষ্ট সময়ে বছরব্যাপী প্রাপ্ত মোট ৪ টি অভিযোগ অনলাইন/অফলাইনে নিষ্পত্তি করা হয়;
- আলোচ্য অর্থবছরে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মোট ১২ টি মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় তথা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়;
- কর্মকর্তা-কর্চারীদের সক্ষমতা উন্নয়নকল্পে আলোচ্য অর্থবছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ে একাডেমির কর্মকর্তাদের অংশগ্রহণে মোট ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আলোচ্য অর্থবছরে ২টি সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়;

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ নির্ধারিত মান হলো ২৫ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ওয়েটেড স্কোর হলো ৪। যার মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মূল্যায়নে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি তথা বাপার্ড অর্জন করে ২২ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) -এর ওয়েটেড স্কোর পায়।

## ১১.৬ একাডেমির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কার্যক্রম ২০২৩-২০২৪

### ১১.৬.১ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক কর্মপরিকল্পনা

বাস্তবায়ন টিম:

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) নাগরিকদের সঠিক তথ্য প্রাপ্তিতে সহায়তা করে এবং এটি সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি করে। নাগরিক সেবা নিশ্চিত করার প্রয়াসে মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী বাপার্ডে ২০২৩-২৪ অর্থবছরে নিম্নলিখিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) টিম কাজ করছে:

| ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল ও ইমেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১ | মোহাম্মদ তোজাম্মেল হক<br>উপ-পরিচালক (কৃষি) | ০১৭১৬৪৮১৭১৮<br>m.t.haqbapard@gmail.com | আহবায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | শেখ নাইমুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | ০১৯১৭৬৩০৭১৬<br>naimur2519@gmail.com | সদস্য |
| ৩ | মাহামুদুল হাসান<br>লাইব্রেরিয়ান | ০১৮৪৩৩৩৮০৫৮<br>mahamudul082@gmail.com | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪ | মোঃ নাহিদ হাসান<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ০১৭২২৩৫৬৬৫<br>mailme14fe@ gmail.com | সদস্য |
| ৫ | মোঃ আজিম উদ্দিন<br>(কারিগরি প্রশিক্ষক, কম্পিউটার) | ০১৮১৬২০৮৬৮১<br>mdazimuddin.ttc@gmail.com | সদস্য ও ওয়েব এ্যাডমিন |

১১.৫.২ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিমের কার্যক্রম:

'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)' এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংশ্লিষ্ট টিম ২০২৩-২০২৪ অর্থবছরে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদন করে:

- আলোচ্য অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ০৪ টি সভা আয়োজন করা হয়;
- আলোচ্য অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক কর্মপরিকল্পনা মনিটরিং ও মূল্যায়ন করা হয়;
- ২০২৩-২০২৪ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক কর্মপরিকল্পনা টিমের ফোকাল ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য একাডেমির ওয়েবসাইটে নিয়মিতভাবে কোয়ার্টারভিত্তিক হালনাগাদ করে আপলোড করা হয়;
- ২০২৩-২০২৪ অর্থবছরে সেবা প্রদানের সমস্যা ও চ্যালেঞ্জ বিষয়ে একাডেমির অভ্যন্তরীন বিভাগ/শাখা প্রধানগণের সমন্বয়ে ০৪টি যৌথ সভা করা হয়;
- আলোচ্য অর্থবছরে একাডেমির ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করা হয় এবং এ সংশ্লিষ্ট প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয় তথা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়;
- কর্মকর্তা-কর্চারীদের সক্ষমতা উন্নয়নকল্পে আলোচ্য অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে একাডেমির কর্মকর্তাদের অংশগ্রহণে মোট ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়;
- সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আলোচ্য অর্থবছরে ২টি সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়;